# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৪

তারিখ ঃ ০৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৩০ তম কমিশন সভা অদ্য ২০/০২/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. এস কে ট্রিমস অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড (S K Trims & Industries Limited) এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ৩ (তিন) কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৩০ (ত্রিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, ভবন নির্মাণ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১২.৭৯ এবং এবং বিগত ৩টি আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ভারিত গড় হারে (Weighted average EPS) ১.৩১ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ইম্পেরিয়াল ক্যাপিটাল লিঃ ও বিএমএসএল ইনভেস্টমেন্টস লিঃ।

২. বিগত ২৩/০১/২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত ৬২৫তম কমিশন সভায় বুক বিল্ডিং পদ্ধতিতে যোগ্য বিনিয়োগকারীদের (Iligible Investors) বিডিং এ অংশগ্রহণ প্রক্রিয়ায় কতিপয় আচরণগত বিষয়ে সংশোধনী আনয়নের সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। অদ্যকার সভায় উক্ত আচরণগত একটি Directive অনুমোদিত হয়, যা কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

20.02.2018
মো: আনোয়ারুল ইসলাম
নির্বাহী পরিচালক